গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৭০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত, মাছ ধরার নৌকা ও ট্রলার সমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ১৯ জুন, ২০২৪ খ্রি: তারিখ সকাল ৯.০০টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
রংপুর, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ১৯ জুন, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ বর্ধিতাংশ থেকে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (১৯.০৬.২০২৪ তারিখ সকাল ০৯টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপপ্রবাহ:** মাদারীপুর, পাবনা, খুলনা, যশোর ও চুয়াডাঙ্গা জেলা সমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**দ্বিতীয় দিন (২০.০৬.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ বিভাগের জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সই সাথে রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**তৃতীয় দিন ২১.০৬.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ বিভাগের জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.০ | ৩৬.৪ | ২৮.১ | ২৯.১ | ২৯.০ | ৩৩.৩ | ৩৬.৪ | ৩৫.৩ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.০ | ২৬.৬ | ২৩.৫ | ২৩.৫ | ২৩.২ | ২১.৬ | ২৮.৭ | ২৬.৪ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পাবনা, যশোর ও চুয়াডাঙ্গা ৩৬.৪$^{o}$ সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বান্দরবান ২১.৬$^{o}$ সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

**৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা**

(০৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ /১৯ জুন, ২০২৪ খ্রিঃ)

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টায় অব্যাহতভাবে বৃদ্ধি পেয়ে কতিপয় পয়েন্টে সতর্কসীমায় পৌঁছাতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা ব্যাতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ হতে ৪৮ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল, উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
- আগামী ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে। ফলে এ সময় নেত্রকোনা জেলার কতিপয় নিম্নাঞ্চলে ও সিলেট, সুনামগঞ্জ জেলায় চলমান বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে। মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু-খোয়াই নদী সংলগ্ন নিম্নাঞ্চলের চলমান বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চলের দুধকুমার, তিস্তা ও ধরলা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর জেলার কতিপয় নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

- **পানি সমতল ও বৃষ্টিপাত স্টেশন আউটলুক**

**(০৫ আষাঢ় জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ /১৯ জুন, ২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| পাটেশ্বরী | দুধকুমার | ২৯.৬০ | ২৯.৬৫ | +২২ | +০৫ |
| কাউনিয়া | তিস্তা | ২৮.৭৫ | ২৮.৯৫ | +৪২ | +২০ |
| কানাইঘাট | সুরমা | ১২.৭৫ | ১৩.৬৬ | -৪২ | +৯১ |
| সিলেট | সুরমা | ১০.৮০ | ১১.১৭ | +১৫ | +৩৭ |
| সুনামগঞ্জ | সুরমা | ৭.৮০ | ৮.২০ | -২৭ | +৪০ |
| আমলশীদ | কুশিয়ারা | ১৫.৪০ | ১৫.৮৬ | +৩১ | +৪৬ |
| শেরপুর-সিলেট | কুশিয়ারা | ৮.৫৫ | ৮.৬৭ | +১৭ | +১২ |
| মারকুলি | কুশিয়ারা | ৭.০৫ | ৭.২৬ | +০৯ | +২১ |
| মৌলভীবাজার | মনু | ১১.৩০ | ১১.৩৮ | +১৮৭ | +০৮ |
| কামালগঞ্জ | ধালাই | ১৯.৩৫ | ১৯.৫৮ | +৩৯৪ | +২৩ |
| বল্লাহ | খোয়াই | ২১.২০ | ২২.৫১ | +২৭০ | +১৩১ |
| হবিগঞ্জ | খোয়াই | ৯.০৫ | ৯.৮০ | +৪৩৩ | +৭৫ |
| দেরাই | পুরাতন সুরমা | ৬.৫৫ | ৬.৭১ | +২৪ | +১৬ |
| সারিঘাট | সারিগোয়াইন | ১২.৩৫ | ১২.৭০ | +১৬ | +৩৫ |
| কমলাকান্দা | সোমেশ্বরী | ৬.৫৫ | ৬.৯৮ | +২১ | +৪৩ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| কাউনিয়া (লালমনিরহাট) | ২২১.০ | কুড়িগ্রাম | ১৬২.০ | রংপুর | ১২৯.০ |
| টেকনাফ | ১২৫.০ | জাফলং (সিলেট) | ১২৩.০ | ডালিয়া (নীলফামারী) | ১২০.০ |
| চাঁদপুর বাগান (হবিগঞ্জ) | ১২২.০ | হবিগঞ্জ | ১১৫.০ | কামালগঞ্জ (মৌলভীবাজার) | ১১৩.০ |
| মৌলভীবাজার | ১১০.০ | লালাখাল (সিলেট) | ১০৮.০ | পঞ্চগড | ১০৬.০ |
| লাটু (সিলেট) | ১০০.০ | ঠাকুরগাঁও | ১০০.০ | সুনামগঞ্জ | ১০০.০ |
| বি- বাড়িয়া | ৯৫.০ | সিলেট | ৯৪.০ | মনু রেলওয়ে ব্রিজ (মৌলভীবাজার) | ৮৫.০ |
| ভৈরব বাজার | ৯১.০ | ছাতক (সুনামগঞ্জ) | ৮৪.০ | পাটেশ্বরী (কুড়িগ্রাম) | ৭৯.০ |
| কানাইঘাট (সিলেট) | ৭৭.০ | শেরপুর -সিলেট | ৭৫.০ | লরেরগড় (সুনামগঞ্জ) | ৭৮.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| ধুব্রি (আসাম) | ১২৩.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ১১০.০ | কোচবিহার (পশ্চিম বঙ্গ) | ১০৯.০ |
| কৈলাশহর (ত্রিপুরা) | ১০৬.০ | জলপাইগুড়ি (পশ্চিম বঙ্গ) | ৮৬.০ | গোয়ালপাড়া (আসাম) | ৭২.০ |
| শিলিগুড়ি (পশ্চিম বঙ্গ) | ৭২.০ | কলিমপং (পশ্চিম বঙ্গ) | ৭২.০ | আগরতলা (ত্রিপুরা) | ৫৯.০ |

-

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১০ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৮৩ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০১ |
| হ্রাস | ২৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০১ |
| অপরিবর্তিত | ০২ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ১৫ |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | | | ১০ |
| বন্যা আক্রান্ত জেলার সংখ্যা | | | ০৫ |

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৭ জুন, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৮ জুন, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৪ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ১ | ০ | ০ |
| ৭। | খুলনা | ১ | ০ | ০ |
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | ০৭ | ০ | ০ |

১৯-০৬-২০২৪

জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৭০/১ (১৩)

তারিখ: ৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
১৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

১৯-০৬-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা